দৈনিক জনকণ্ঠ

তারিখ DEC. 24 1999
পৃষ্ঠা ২ কলাম ২

72

ট্রেন চলাচল ৪ ঘণ্টা বিঘ্নিত

# পরীক্ষা পিছাতে ময়মনসিংহে ছাত্রদের রেলপথ অবরোধ

ময়মনসিংহ, ২৩ ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা) ॥ জাতীয়
বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য অনার্সপার্ট -৩ পরীক্ষা পিছানোর দাবিতে
বৃহস্পতিবার সকালে ময়মনসিংহে আনন্দ মোহন বিশ্ববিদ্যালয় কলেজের
ছাত্ররা ময়মনসিংহ-জামালপুর রেললাইন অবরোধ করে। অবরোধের কারণে
সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত এই লাইনে কোন ট্রেন চলাচল করতে
পারেনি। উত্তরবঙ্গগামী আন্তঃনগর পদ্মা ও তিস্তাসহ জামালপুর অগ্নিবীনা
ময়মনসিংহ স্টেশনে আটকা পড়ে।
ছাত্ররা জানায়, অনার্স পার্ট-৩ পরীক্ষা পিছানোর দাবিতে আনন্দ মোহন
কলেজের পিছনে ময়মনসিংহ-জামালপুর রেললাইনে স্লিপার ফেলে ও আগুন
ধরিয়ে দিয়ে বৃহস্পতিবার সকাল ৯টায় আনন্দ মোহনের ছাত্ররা অবরোধ
তৈরি করে। ছাত্রদের বক্তব্য হচ্ছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন
পরীক্ষার কারণে কলেজ বন্ধ ছিল। ফলে তাদের সিলেবাস শেষ হয়নি এবং
ব্যবহারিক ক্লাসও তারা করতে পারেনি। এসব সম্পন্ন করতে আগামী মার্চ,
২০০০ পর্যন্ত সময়ের প্রয়োজন। ঘোষণা অনুযায়ী জানুয়ারি মাসে এই
পরীক্ষা হওয়ার কথা রয়েছে।
এসব দাবি আদায়ের লক্ষ্যে আন্দোলনরত ছাত্ররা অবরোধ কর্মসূচী পালন
করে। ফলে বেলা ১টা পর্যন্ত ৪ ঘণ্টা ময়মনসিংহের সঙ্গে উত্তরবঙ্গের ট্রেন
যোগাযোগ বিঘ্নিত হয়।